

আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ১

আরবি মূল আয়াত:

وَالْمُرْسَلَاتِ عُرْفًا ﴿١﴾

অনুবাদসমূহ:

কসম কল্যাণের উদ্দেশ্যে প্রেরিত বাতাসের, — আল-বায়ান

পর পর পাঠানো বাতাসের শপথ যা উপকার সাধন করে, — তাইসিরুল

শপথ কল্যাণ স্বরূপ প্রেরিত বায়ুর; — মুজিবুর রহমান

By those [winds] sent forth in gusts — Sahih International

১. শপথ কল্যাণস্বরূপ প্রেরিত বায়ুর,

-

তাফসীরে জাকারিয়া

(১) শপথ কল্যাণ স্বরূপ প্রেরিত অবিরাম বায়ুর। [1]

[1] এই অর্থের দিক দিয়ে عُرْفًا এর মানে হবে অবিরাম। কেউ কেউ مُرْسَلَاتُ থেকে ফিরিশতা অথবা আস্থিয়া অর্থ নিয়েছেন। এই ক্ষেত্রে عُرْفًا এর অর্থ হবে আল্লাহর অহী বা শরীয়তের বিধি-বিধান। আরবী ব্যাকরণ অনুযায়ী এটা হল 'মাফউল লাহ্' অর্থাৎ, لِأَجْلِ الْعُرْفِ অথবা 'যের' দানকারী হরফকে বাদ দেওয়ার কারণে তাতে 'যবর' হয়েছে; আসলে ছিল بِالْعُرْفِ

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5623>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন